

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০৩

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই হাদিস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় হাদীসটি হয়তো পূর্বে বর্ণিত ইবনু আবাস রাদ্বিয়াল্লাহ আনহু বর্ণিত হাদীসের বিপরীত

**ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهمُ غَيْرَ الْمُتَبَرِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌ لِّخَبَرِ ابْنِ عَبَّاسٍ الَّذِي ذَكَرَنَا**

আরবী

3803 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الدُّهْلِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ ابْنِ خُثْيَمٍ عَنْ أَبِي الطُّفْلِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَصْحَابِهِ - حِينَ أَرَادُوا دُخُولَ مَكَّةَ فِي عُمْرَتِهِ بَعْدَ الْحُدَيْبِيَّةِ - : (إِنَّ قَوْمَكُمْ غَدَّا سَيِّرَوْنَكُمْ فَلَيْرُوْنَكُمْ جُلَّاءَ) فَلَمَّا دَخَلُوا الْمَسْجِدَ اسْتَلَمُوا الرُّكْنَ ثُمَّ رَمَلُوا - وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعْهُمْ - حَتَّى إِذَا بَلَغُوا الرُّكْنَ مَشَوْا إِلَى الرُّكْنِ الْأَسْوَدِ ثُمَّ رَمَلُوا حَتَّى بَلَغُوا الرُّكْنَ فَعَلَ ذَلِكَ ثَلَاثَ مَرَاتٍ ثُمَّ مَشَى الْأَرْبَعَ.

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3803 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيف أبي داود))

.(1651)

বাংলা

৩৮০৩. ইবনু আবাস রাদ্বিয়াল্লাহ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “ভদ্রাইবিয়া সন্ধির পর উমরার সময় যখন সাহাবীগণ মকায় প্রবেশ করতে চান, তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বলেন, “নিশ্চয়ই তোমাদের এই সম্প্রদায় আগামীকাল সকালে তোমাদেরকে দেখবে। কাজেই তারা যেন অবশ্যই তোমাদেরকে হষ্টপুষ্ট দেখতে পায়।” তারপর যখন তারা মাসজিদে প্রবেশ করেন, তখন তারা রূকন (হাজরে আসওয়াদ) চুম্বন করেন। তারপর তারা রমল করেন।—এসময় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের সাথে ছিলেন। অতঃপর যখন তারা রূকনে ইয়ামানে (দক্ষিণ-পশ্চিম কোণে) পৌঁছেন, তখন তারা হাজরে আসওয়াদের রূকন পর্যন্ত স্বাভাবিকভাবে হেঁটে যান। তারপর তারা আবার রমল করেন, অতঃপর তারা রূকনে (দক্ষিণ-পশ্চিম

কোণে) পৌঁছেন। এভাবে তিনবার করেন। তারপর চার চক্র স্বাভাবিকভাবে হেঁটে তাওয়াফ করেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩১৪; আবুদাউদ: ১৮৯০; আবু ইয়ালা: ২৫৭৪; সুনান বাইহাকী: ৫/৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93142>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন